অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/19/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল কর্মীদের সমর্থনে এবং নিউ ইয়র্ককে আরো সাশ্রয়ী করার জন্য বাজেটের বিনিয়োগসমূহকে তুলে ধরলেন

অর্থবছর 2024 এর বাজেট আপস্টেটে 2026 সালের মধ্যে সর্বনিম্ন বেতন ঘণ্টায় 16 মার্কিন ডলারে বৃদ্ধি করবে, ভবিষ্যতের বেতন বৃদ্ধিকে মুদ্রাস্ফীতির সাথে সংযুক্ত করবে

পাবলিক হাউজিংয়ের বাসিন্দা ও সেকশন 8 ভাউচার প্রাপকসহ আরো কয়েক হাজার ভাড়াটিয়া ও পরিবারকে সমর্থন করার জন্য নিউ ইয়র্কের জরুরি ভাড়া সহায়তা কর্মসূচিতে 391 মিলিয়ন মার্কিন ডলার যোগ করবে

চার বছরের কম বয়সী শিশুদের জন্য এম্পায়ার স্টেট শিশু ক্রেডিটের সম্প্রসারণ, আরো প্রায় 630,000 শিশুর জন্য সমর্থন

দেশের সেরা জলবায়ু ব্যবস্থা যা শ্রমিক সুরক্ষা প্রদান করবে এবং শ্রমিক চুক্তির প্রসার করবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ওয়েস্টার্ন নিউ ইয়র্কের কর্মীদের সমর্থন এবং স্টেটকে আরো সাশ্রয়ী করার জন্য অর্থবছর 2024 এর বাজেটের বিনিয়োগসমূহকে তুলে ধরলেন। 2024 সালে সর্বনিম্ন বেতন 15 মার্কিন ডলার করে এবং পরবর্তীতে 2025 এবং 2026 সালে বার্ষিক 0.50 মার্কিন ডলার করে বৃদ্ধি করে এবং বেতনকে ভোক্তা মূল্য সূচকের (Consumer Price Index, CPI) সাথে যুক্ত করার মাধ্যমে বাজেটে ক্রয়ক্ষমতা সঙ্কটের জন্য বিনিয়োগ করা হয়েছে; পাবলিক হাউজিংয়ের বাসিন্দা ও সেকশন 8 ভাউচার প্রাপকসহ আরো কয়েক হাজার ভাড়াটিয়া ও পরিবারকে সমর্থন করার জন্য নিউ ইয়র্কের জরুরি ভাড়া সহায়তা কর্মসূচি (Emergency Rental Assistance Program) সম্প্রসারণ করা হয়েছে; চার বছরের কমবয়সী শিশুদের জন্য এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিট (Empire State Child Credit, ESCC) সম্প্রসারিত করা হয়েছে; এবং নিউ ইয়র্কের সবুজ অর্থনীতির কর্মীদের জন্য সমর্থন রয়েছে। সংঘবদ্ধ শ্রমিকদের নেতৃবৃন্দ এবং স্থানীয় নির্বাচিত কর্মকর্তাগণ আজকের ঘোষণায় গভর্নর হোকলের সাথে যোগ দিয়েছেন।

"শ্রম আমার DNA তে রয়েছে, সেজন্য আমি ওয়েস্টার্ন নিউ ইয়র্কে এবং পুরো স্টেটে কর্মীদের সমর্থন করার জন্য আমার বাজেটে ঐতিহাসিক বিনিয়োগ করাকে অগ্রাধিকার প্রদান করেছি, এবং একইসাথে জীবনযাপনের ব্যয় বৃদ্ধির সমাধানে কাজ করেছি," **গভর্নর হোকল বলেন।**

"এই বিনিয়োগগুলি নিশ্চিত করবে যাতে নিউ ইয়র্কের পরিবারগুলি তাদের সমৃদ্ধির জন্য প্রয়োজনীয় চাকরি, চাইল্ড কেয়ার, এবং সংস্থান পেতে পারে, এবং আরো বসবাসযোগ্য ও আরো সাশ্রয়ী নিউ ইয়র্ক গঠন করার জন্য আমাদের প্রয়াস কখনো কম হবে না।"

নিউ ইয়র্ক স্টেটে কর্মজীবী পরিবারের জীবনধারণের ব্যয় শুধু বছরেই উল্লেখযোগ্য বৃদ্ধি পেয়েছে। সাম্প্রতিক একটি ফোর্ড ফাউন্ডেশন (Ford Foundation) প্রতিবেদনে দেখা গেছে যে কর্মক্ষম বয়সের সকল নিউ ইয়র্কবাসীদের 50 শতাংশ নিজেদের মৌলিক চাহিদা পূরণে সংগ্রাম করছে। জীবনধারণের খরচ বৃদ্ধি পাওয়ার ফলে ল্যাটিনো, কৃষ্ণাঙ্গ, এবং অভিবাসী নিউ ইয়র্কবাসী, বিশেষ করে শিশুসহ গৃহস্থালিগুলি অসামাঞ্জস্যপূর্ণভাবে প্রভাবিত হচ্ছে। এর সাড়াদান হিসেবে, গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীদের জন্য অর্থনৈতিক নিরাপত্তা প্রদান করার জন্য 2024 অর্থবছরের বাজেটে রূপান্তরকারী ব্যবস্থা বাস্তবায়ন করার জন্য লড়াই করেছেন।

কর্মজীবীদের সমর্থন এবং নিউ ইয়র্ককে আরো সাশ্রয়ী করার জন্য বাজেটের রূপান্তরমূলক উদ্যোগ ও বিনিয়োগের মধ্যে রয়েছে:

- নিউ ইয়র্কের সর্বনিম্ন বেতন আপস্টেটে ঘণ্টায় 16 মার্কিন ডলারে বৃদ্ধি করা এবং 2026 সালের মধ্যে ডাউনস্টেটে ঘণ্টায় 17 মার্কিন ডলারে বৃদ্ধি করা, এরপর এটিকে নর্থইস্ট অঞ্চলের CPI-W এর তিন বছরের চলমান গড়ের সাথে যুক্ত করে দেয়া যাতে নিউ ইয়র্কবাসীদের বেতন জীবনধারণের বর্ধিত খরচের প্রতিফলন হয়, যা মুদ্রাস্ফীতির জন্য সেরা আঞ্চলিক ব্যবস্থা।
- পাবলিক হাউজিংয়ের বাসিন্দা ও সেকশন 8 ভাউচার প্রাপকসহ আরো কয়েক হাজার ভাড়াটিয়া ও পরিবারকে সমর্থন করার জন্য নিউ ইয়র্কের জরুরি ভাড়া সহায়তা কর্মসূচিতে 391 মিলিয়ন মার্কিন ডলার যোগ করা
- উচ্চ মাত্রায় অশ্বেতাঙ্গ নিম্ন আয়ের বাড়ির মালিক ও বাড়ির মালিকের চাপ সনাক্ত করা হয়েছে স্টেটের এমন 10টি সম্প্রদায়ে বাড়ির মেরামত অর্থায়নের জন্য 50 মিলিয়ন মার্কিন ডলারের বাড়ির মালিকদের স্থিতিশীলকরণ তহবিল (Homeowner Stabilization Fund)
- চার বছরের কম বয়সী শিশুদের অন্তর্ভুক্ত করে এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিট সম্প্রসারণ, যা 525,000 এর বেশি নিম্ন ও মধ্যম আয়ের করদাতাদের জন্য মোট 179 মিলিয়ন মার্কিন ডলার সমর্থন প্রদান করে এবং যার ফলে আরো প্রায় 630,000 শিশুকে অন্তর্ভুক্ত করা যাবে।
- 12 মাসের সেকেন্ডারি-পরবর্তী শিক্ষার পর শিক্ষাকে অন্য কোনও কর্মকাণ্ডের সাথে সম্মিলিত করার আবশ্যিকতা অপসারণ করে দিয়ে সরকারি সহায়তা প্রাপকদের শিক্ষা ও প্রশিক্ষণ সুযোগ পাওয়ার সুযোগ বৃদ্ধি করা
- কর্মীবাহিনী প্রশিক্ষণ কর্মসূচির মাধ্যমে এবং চাকরিতে প্রবেশের প্রথম ছয় মাস পর্যন্ত প্রাপকেরা যেই উপার্জন করে তা অগ্রাহ্য করে সরকারি সহায়তার "বেনিফিট ক্লিফকে" প্রশমন করা, যা নিম্ন আয়ের নিউ ইয়র্কবাসীদের কর্মক্ষেত্রে অংশগ্রহণ করার একটি মুখ্য প্রতিবন্ধকতা অপসারণ করে
- 16 থেকে 24 বছর বয়সী বেকার বা প্রয়োজনের তুলনায় কম কাজ পাওয়া তরুণদের বলিষ্ঠ শিক্ষামূলক সমর্থন ও চাকরির প্রশিক্ষণ প্রদান করতে এবং

তাদেরকে চাকরির বাজারের জন্য প্রস্তুত করতে তরুণদের জন্য চাকরি সংযোজক (Youth Jobs Connector) কর্মসূচি

- ভবনের ডিকার্বোনাইজেশনসহ দেশের সেরা জলবায়ু ব্যবস্থা নিশ্চিত করা, সাশ্রয়ী ক্যাপ এবং বিনিয়োগ কর্মসূচির একটি পথ তৈরি করা, এবং নবায়নযোগ্য শক্তি বিকাশ অগ্রসর করা যার মধ্যে শ্রমিক সুরক্ষা এবং শ্রম চুক্তির প্রসারের বিধান থাকবে।
- অনেক বেশি বিদ্যুৎ বিলের সম্মুখীন হওয়া নিউ ইয়র্কবাসীদের ত্রাণ প্রদান করতে 400 মিলিয়ন মার্কিন ডলার প্রদান এবং একই সাথে বৈদ্যুতিকরণ ও রেট্রোফিটের মাধ্যমে শক্তির চাপ হ্রাস করা।

লেবারার্স লোক্যাল 210 এর প্রেসিডেন্ট স্যাম ক্যাপিটানো বলেন, "এ ব্যাপারে কোনও ভুল নেই যে সর্বনিম্ন বেতন বৃদ্ধি করা নিউ ইয়র্কের কর্মীদের জন্য ভালো একটি বিষয়, এটি জীবনযাত্রার মান উন্নত করবে এবং উপরের দিকে সচলতা সৃষ্টি করবে। পরিশ্রমী নিউ ইয়র্কবাসী এবং তাদের পরিবারকে অগ্রাধিকার প্রদানের জন্য আমরা গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি। এই স্টেটে শ্রমিক এবং কর্মজীবী নারী পুরুষের জন্য গভর্নর হোকলের থেকে বড় মিত্র আর আসেনি, এবং এইসব উদ্যোগ সমর্থন করার জন্য তার ও অন্যান্য মুখ্য স্টেকহোল্ডারকে সাথে সহযোগিতা করার জন্য আমি উন্মুখ।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418